

ঢাকা ওয়াসা

- (১) এস ও সি বিভাগের ২০২৬-২০২৭ অর্থ-বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের ফটোকপি।
- (২) ২০২৬-২০২৭ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) পূর্বানুমোদিত দরের ফটোকপি।
- (৪) ক্লোরিন গ্যাস লিকেজকৃত পাম্পের তালিকা।
- (৫) প্রাক্কলন।

বিষয়ঃ Maintenance of Chlorine Gas System leakage for SOC Division of Dhaka WASA (D) কাজ অনুমোদন প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং ০১ হতে ০৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। অত্র বিভাগের আওতায় ঢাকা ওয়াসার বিভিন্ন পানির পাম্প স্থাপিত ক্লোরিনেশন সিস্টেম গুলি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। ঢাকা ওয়াসার ৯০৭টি কম্পাউন্ডে প্রায় ১৩৪০টি গভীর নলকূপের মধ্যে প্রায় ৮২১টি গভীর নলকূপে ক্লোরিনেশন সিস্টেম বিদ্যমান রয়েছে। এই সব পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। উৎপাদিত পানি সরবরাহের পূর্বে জীবাণুমুক্ত করা হয়। এজন্য ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিস্টেম স্থাপন করতে হয়। ক্লোরিন গ্যাস সিলিন্ডার দীর্ঘদিন ব্যবহারের ফলে ক্লোরিন গ্যাস সিলিন্ডারের ভাষ নষ্ট হয়ে যায়। ক্লোরিন গ্যাস অত্যন্ত ক্ষতিকারক গ্যাস। ক্লোরিন গ্যাস সিলিন্ডার এর ভাষ নষ্ট হলে তা পরিবর্তন করে নতুন সিলিন্ডার প্রতিস্থাপন প্রয়োজন হয়। ক্লোরিন গ্যাস সিস্টেমে সিলিন্ডার হতে যে কোন সময় ক্লোরিন গ্যাস লিকেজ সংঘটিত হলে চারিদিকে দ্রুত ছড়িয়ে পড়ে এবং জানমালের ক্ষয়-ক্ষতিসহ প্রাণহানীর সম্ভাবনা দেখা দেয়। সেই কারণে তাৎক্ষনিক ক্লোরিন স্কোয়ার্ড প্রেরণ করে জরুরী ভিত্তিতে লিকেজ হওয়া সিলিন্ডারটি সরিয়ে নিরাপদ স্থানে ফেলা হয়। লিকেজ সিলিন্ডার সরানো কাজটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ। প্রায়শঃই ক্লোরিন কাজে নিয়োজিত ক্লোরিন স্কোয়ার্ড সদস্যরা ক্লোরিন গ্যাস লিকেজ মোকাবেলা কালীন গুরুতর অসুস্থ হয়ে পড়ে। তখন তাৎক্ষনিক ভাবে তাদেরকে প্রাথমিক চিকিৎসা প্রদানের প্রয়োজন হয়। এমনকি হাসপাতালে ভর্তি করতে হয়। দ্রুততম সময়ে আক্রান্ত ব্যক্তিকে উপযুক্ত প্রাথমিক চিকিৎসা প্রদান করা না হলে তাদের প্রাণনাশের আশংকা থাকে। গত কয়েক দিন আগে মধ্য আজিমপুর, মতিঝিল এ,জি,বি কলোনী, মধ্য বাড্ডা বড়টেক, চন্দ্রিমা উদ্যান, পীরেরবাগ-৩ পানির পাম্পের ক্লোরিনেশন গ্যাস লিকেজ হয়েছে (ক্রঃ নং-৪ দঃ)। তাই ক্লোরিন কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের সুচিকিৎসার স্বার্থে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে (ক্রঃ নং-৩ দঃ) **Maintenance of Chlorine gas System leakage for SOC Division of Dhaka WASA (D)** কাজের জন্য ১ (এক) টি প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্তি নং-৫ দঃ)। প্রাক্কলণ অনুযায়ী আলোচ্য কাজের প্রাক্কলিত মূল্য টাঃ ৪৯,১৩৯.০০/- (উনপঞ্চাশ হাজার একশত উনচল্লিশ) টাকা মাত্র।

০২। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৬-২০২৭ ইং অর্থ-বছরের প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় “ক্লোরিন সিস্টেম রক্ষণাবেক্ষণ কোড নং ০১-০৪-০২০ খাত হতে এবং ২০২৬-২৭ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-২৭ **Package No- LS-CSM** (থোক বরাদ্দ) হতে নির্বাহ করা হবে (ক্রঃ নং-২ দঃ)।


০৩। এমতাবস্থায় বিভাগীয় কাজ সুচারুরূপে পরিচালনার স্বার্থে **Maintenance of Chlorine gas System leakage for SOC Division of Dhaka WASA (D)** কাজটির জন্য উপস্থাপিত টাঃ ৪৯,১৩৯.০০/- (উনপঞ্চাশ হাজার একশত উনচল্লিশ) টাকা মাত্র। প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2025 এর ধারা ৯৯(১) (ড) মোতাবেক (DPM পদ্ধতিতে) বাস্তবায়নের লক্ষ্যে ঠিকাদার **Rifa Enterprise** এর সাথে সরাসরি চুক্তির ভিত্তিতে কাজটি সম্পাদন করার সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হল। উল্লেখ্য, আলোচ্য কাজটি অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


০৬৬৭২৬ SDE
মোঃ হাসিব কবির
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা


০৬৬৭২৬ SDE
মোঃ হাসিব কবির
উপ-বিভাগীয় প্রকৌশলী (০৪ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।


০৬.০৭.২৬
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (০৪ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।


০৬/০৭/২৬
SDE (SMWC)
মোহাম্মদ হুমায়ুন কবীর
উপ-সহকারী প্রকৌশলী (০৪ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।


০৬/০৭/২০২৬
মোঃ হাসিব কবির
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।